

# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৩১৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩১২]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৪০ : পিতা-মাতার সাথে সদ্যবহার এবং আত্মীয়তা অক্ষুপ্প রাখার গুরুত্ব

بَابُ بِرِّ الْوَالِدَيْنِ وَصِلَةِ الأَرْحَامِ \_ (40)

### আরবী

وَعَن أَبِي عَبدِ الرَّحمَانِ عَبدِ اللهِ بنِ مَسعُودِ رضي الله عنه، قَالَ: سَأَلتُ النَّبِيَّ صلى الله عليه وسلم: أيُّ العَملِ أَحَبُّ إِلَى اللهِ تَعَالَى ؟ قَالَ: «الصَّلاةُ عَلَى وَقْتِهَا»، قُلْتُ: ثُمَّ أَيُّ؟ قَالَ: «الجِهَادُ في سبيلِ الله». مُتَّفَقُ عَلَيهِ ثُمَّ أَيُّ؟ قَالَ: «الجِهَادُ في سبيلِ الله». مُتَّفَقُ عَلَيهِ

#### বাংলা

আল্লাহ তা'আলা বলেন.

﴿ وَوَاّعَابُدُواْ ٱللَّهَ وَلَا تُشاوِكُواْ بِهِ الْمَيَالَا وَبِٱلسَّوْلِدَيسَ إِحاسَنُا وَبِذِي ٱلسَّفُر اَبَىٰ وَٱلسَّمَىٰ وَٱلسَّمَىٰ وَٱلسَّمَانُ وَمَا مَلَكَت السَّبِيلِ وَمَا مَلَكَت السَّبِيلِ وَمَا مَلَكَت السَّمِنُكُم اللهَ وَٱلسَّبِيلِ وَمَا مَلَكَت السَّمِنُكُم اللهَ وَٱلسَّاء: ٣٦]

অর্থাৎ "তোমরা আল্লাহর উপাসনা কর ও কোন কিছুকে তাঁর অংশী করো না এবং পিতা-মাতা, আত্মীয়-স্বজন, পিতৃহীন, অভাবগ্রস্ত, আত্মীয় ও অনাত্মীয় প্রতিবেশী, সঙ্গী-সাথী, পথচারী এবং তোমাদের অধিকারভুক্ত দাস-দাসীদের প্রতি সদ্যবহার কর।" (সূরা নিসা ৩৬ আয়াত)

তিনি আরো বলেন,

﴿ وَٱتَّقُواْ ٱللَّهَ ٱلَّذِي تَسَآعَلُونَ بِهِ ۚ وَٱلثَّأَرا ٓ حَامَا ﴾ [النساء: ١]

অর্থাৎ "সেই আল্লাহকে ভয় কর, যার নামে তোমরা একে অপরের নিকট যাচ্ঞা কর এবং জ্ঞাতি-বন্ধন ছিন্ন করাকে ভয় কর।" (সূরা নিসা ১ আয়াত)

তিনি অন্যত্র বলেন,

﴿ وَٱلَّذِينَ يَصِلُونَ مَاۤ أَمَرَ ٱللَّهُ بِهِ ۚ أَن يُوصَلَ ﴾ [الرعد: ٢١]



অর্থাৎ "আল্লাহ যে সম্পর্ক অক্ষুণ্ণ রাখতে আদেশ করেছেন যারা তা অক্ষুণ্ণ রাখে।" (সূরা রা'দ ২১ আয়াত) তিনি অন্য জায়গায় বলেছেন,

অর্থাৎ "আমি মানুষকে তার মাতা-পিতার প্রতি সদ্যবহার করতে নির্দেশ দিয়েছি।" (সূরা আনকাবৃত ৮ আয়াত) তিনি আরো বলেন,

﴿ وَوَقَضَىٰ رَبُكَ أَلَّا تَعَابُدُواْ إِلَّا إِيَّاهُ وَبِٱلصَّٰلِدَيانِ إِحاَسَٰنَا ۚ إِمَّا يَبِاللَّفَنَّ عِندَكَ ٱلسَّكِبَرَ أَحَدُهُمَاۤ أَو ۚ كِلَاهُمَا فَلَا تَقُل لَّهُمَا وَقُل لَّهُمَا قَواللَّهُ كَرِيمًا ٢٣ وَٱخالِفِض اللَّهُمَا جَنَاحَ ٱلذُّلِّ مِنَ ٱلرَّحامَةِ وَقُل رَّبِّ تَقُل لَّهُمَا أَفُت وَلاَ تَناهَمَا وَقُل لَّهُمَا قَواللَّهُمَا قَواللَّهُمَا وَقُل لَاسِراء: ٢٣ ، ٢٤] الراحة ما هُمَا كُمَا رَبَّيَانِي صَغِيزًا ٢٤ ﴾ [الاسراء: ٢٣ ، ٢٤]

অর্থাৎ "তোমার প্রতিপালক নির্দেশ দিয়েছেন যে, তোমরা তিনি ছাড়া অন্য কারো উপাসনা করবে না এবং পিতামাতার প্রতি সদ্যবহার করবে; তাদের এক জন অথবা উভয়েই তোমার জীবদ্দশায় বার্ধক্যে উপনীত হলে তাদেরকে বিরক্তিসূচক কিছু বলো না এবং তাদেরকে ভৎর্সনা করো না; বরং তাদের সাথে বলো সম্মানসূচক নরম কথা। অনুকম্পায় তাদের প্রতি বিনয়াবনত থেকো এবং বলো, 'হে আমার প্রতিপালক! তাদের উভয়ের প্রতি দয়া কর; যেভাবে শৈশবে তারা আমাকে প্রতিপালন করেছে'।" (সূরা বানী ইম্রাঈল ২৩-২৪ আয়াত)

তিনি অন্যত্র বলেন,

অর্থাৎ "আমি তো মানুষকে তার পিতা-মাতার প্রতি সদাচরণের নির্দেশ দিয়েছি। জননী কস্টের পর কষ্ট বরণ করে সন্তানকে গর্ভে ধারণ করে এবং তার স্তন্যপান ছাড়াতে দু'বছর অতিবাহিত হয়। সুতরাং তুমি আমার প্রতি ও তোমার পিতা-মাতার প্রতি কৃতজ্ঞ হও।" (সূরা লুকমান ১৪ আয়াত)

১/৩১৭। আবৃ আব্দুর রাহমান আব্দুল্লাহ ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু 'আনহু বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলাম, 'কোন্ আমল আল্লাহর নিকট অধিক প্রিয়?' তিনি বললেন, ''যথা সময়ে নামায আদায় করা।'' আমি বললাম, 'তারপর কোনটি?' তিনি বললেন, ''পিতা-মাতার প্রতি সদ্যবহার করা।'' আমি বললাম, 'তারপর কোনটি?' তিনি বললেন, ''আল্লাহর পথে জিহাদ করা।'' (বুখারী ও মুসলিম) [1]

# **English**



(40) Chapter: Kind Treatment towards Parents and establishment of the ties of Blood Relationship

### Allah, the Exalted, says:

"Worship Allah and join none with Him (in worship); and do good to parents, kinsfolk, orphans, Al-Masakin (the poor), the neighbour who is near of kin, the neighbour who is a stranger, the companion by your side, the wayfarer (you meet), and those (slaves) whom your right hands possess". (4:36)

"And fear Allah through Whom you demand (your mutual rights), and (do not cut the relations of) the wombs (kinship)". (4:1)

"And those who join that which Allah has commanded to be joined (i.e., they are good to their relatives and do not sever the bond of kinship)". (13:21)

"And we have enjoined on man to be good and dutiful to his parents". (29:8)

"And your Rubb has decreed that you worship none but Him. And that you be dutiful to your parents. If one of them or both of them attain old age in your life, say not to them a word of disrespect, nor shout at them but address them in terms of honour. And lower unto them the wing of submission and humility through mercy, and say: `My Rubb! Bestow on them Your Mercy as they did bring me up when I was young". (17:23,24)

"And We have enjoined on man (to be dutiful and good) to his parents. His mother bore him in weakness and hardship upon weakness and hardship, and his weaning is in two years- give thanks to Me and to your parents". (31:14)

\_\_\_\_

'Abdullah bin Mas'ud (May Allah be pleased with him) reported:
I asked the Prophet (﴿), "Which of the deeds is loved most by Allah?"
Messenger of Allah (﴿) said, "Salat at its proper time." I asked, "What next?" He (﴿) replied, "Kindness to parents." I asked, "What next?" He replied, "Jihad in the way of Allah."

## [Al-Bukhari and Muslim]

Commentary: Performance of Salat at the stated time means its performance in earliest prescribed or at least its regularity. One should not give preference to mundane affairs over it. Salat and Jihad are the two most meritorious duties of a Muslim. When nice treatment to parents is mentioned



along with Salat and Jihad, it gives further importance to this injunction.

# ফুটনোট

[1] সহীহুল বুখারী ৫২৭, ২৭৮২, ৫৯৭০, ৭৫৩৪, মুসলিম ৮৫, তিরমিয়ী ১৭৩, ১৮৯৮, নাসায়ী ৬১০, ৬১১, আহমাদ ৩৮৮০, ৩৯৬৩, ৩৯৮৮, ৪১৭৫, ৪২১১, ৪২৩১, ৪২৭৩, ৪৩০১,দারেমী ১২২৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন